কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৬৮৬

তারিখ : ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে আগাম শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ সহায়তা বাবদ ১৫২.২৫৬ লক্ষ (এক কোটি বায়ান্ন লক্ষ পঁচিশ হাজার ছয়শত) টাকা ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি।

মহোদয়,

২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে কৃষকের মাঝে বিনামূল্যে আগাম শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ সহায়তা ২০২২-২৩ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অর্ন্তভুক্ত '৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩১৫০০.০০ লক্ষ (তিনশত পনের কোটি) টাকা হতে ১৫১.৩৫২১৬ লক্ষ (এক কোটি একান্ন লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত ষোল) টাকা এবং '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) টাকা হতে ০.৯০৩৮৪ লক্ষ (নব্বই হাজার তিনশত চুরাশি) টাকা সর্বমোট ১৫২.২৫৬ লক্ষ (এক কোটি বায়ান্ন লক্ষ পঁচিশ হাজার ছয়শত) টাকা ব্যয়ের নিমিত্ত ০২ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী ১৭টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত 'বাস্তবায়ন পদ্ধতি' ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। ২০২২-২৩ অর্থবছরে/২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বাগান স্থাপনের লক্ষ্যে ১৫২.২৫৬ লক্ষ (এক কোটি বায়ান্ন লক্ষ পঁচিশ হাজার ছয়শত) টাকার জেলা ও অর্থনৈতিক কোড অনুযায়ী আর্থিক ব্যয় বিভাজন নিম্নরূপ:

(লক্ষ টাকা)

| ক্র: নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা সংখ্যা | বীজের প্যাকেটের সংখ্যা | উপকরণের ব্যয় | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' | | | |
| | | | | বীজ | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | অন্যান্য মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮(৬+৭) | ৯ (৫+৮) |
| ১ | টাঙ্গাইল | ১০৯৬০ | ১০৯৬০ | ১০.৯১৬১৬ | ০.০৩৮৩৬ | ০.০২৬৪৮ | ০.০৬৪৮৪ | ১০.৯৮১ |
| ২ | কিশোরগঞ্জ | ১০৮০০ | ১০৮০০ | ১০.৭৫৬৮০ | ০.০৩৭৮০ | ০.০২৬৪০ | ০.০৬৪২০ | ১০.৮২১ |
| ৩ | ময়মনসিংহ | ১২০৮০ | ১২০৮০ | ১২.০৩১৬৮ | ০.০৪২২৮ | ০.০৩০০৪ | ০.০৭২৩২ | ১২.১০৪ |
| ৪ | জামালপুর | ৭১৪০ | ৭১৪০ | ৭.১১১৪৪ | ০.০২৪৯৯ | ০.০১৭৫৭ | ০.০৪২৫৬ | ৭.১৫৪ |
| ৫ | শেরপুর | ৬৪৬০ | ৬৪৬০ | ৬.৪৩৪১৬ | ০.০২২৬১ | ০.০১৫২৩ | ০.০৩৭৮৪ | ৬.৪৭২ |
| ৬ | নেত্রকোনা | ৮৬০০ | ৮৬০০ | ৮.৫৬৫৬০ | ০.০৩০১০ | ০.০২১৩০ | ০.০৫১৪০ | ৮.৬১৭ |
| ৭ | ব্রাহ্মণবাড়িয়া | ১০৫০০ | ১০৫০০ | ১০.৪৫৮০০ | ০.০৩৬৭৫ | ০.০২৬২৫ | ০.০৬৩০০ | ১০.৫২১ |
| ৮ | সিলেট | ১১৬০০ | ১১৬০০ | ১১.৫৫৩৬০ | ০.০৪০৬০ | ০.০২৮৮০ | ০.০৬৯৪০ | ১১.৬২৩ |
| ৯ | মৌলভী বাজার | ৮৭০০ | ৮৭০০ | ৮.৬৬৫২০ | ০.০৩০৪৫ | ০.০২১৩৫ | ০.০৫১৮০ | ৮.৭১৭ |
| ১০ | হবিগঞ্জ | ৮২০০ | ৮২০০ | ৮.১৬৭২০ | ০.০২৮৭০ | ০.০২০১০ | ০.০৪৮৮০ | ৮.২১৬ |
| ১১ | সুনামগঞ্জ | ১০১২০ | ১০১২০ | ১০.০৭৯৫২ | ০.০৩৫৪২ | ০.০২৫০৬ | ০.০৬০৪৮ | ১০.১৪০ |
| ১২ | চাঁপাই নবাবগঞ্জ | ৫৯০০ | ৫৯০০ | ৫.৮৭৬৪০ | ০.০২০৬৫ | ০.০১৩৯৫ | ০.০৩৪৬০ | ৫.৯১১ |
| ১৩ | বগুড়া | ১০৮০০ | ১০৮০০ | ১০.৭৫৬৮০ | ০.০৩৭৮০ | ০.০২৬৪০ | ০.০৬৪২০ | ১০.৮২১ |
| ১৪ | সিরাজগঞ্জ | ৮৩০০ | ৮৩০০ | ৮.২৬৬৮০ | ০.০২৯০৫ | ০.০২০১৫ | ০.০৪৯২০ | ৮.৩১৬ |
| ১৫ | গাইবান্ধা | ৮১০০ | ৮১০০ | ৮.০৬৭৬০ | ০.০২৮৩৫ | ০.০২০০৫ | ০.০৪৮৪০ | ৮.১১৬ |
| ১৬ | কুড়িগ্রাম | ৭৩০০ | ৭৩০০ | ৭.২৭০৮০ | ০.০২৫৫৫ | ০.০১৭৬৫ | ০.০৪৩২০ | ৭.৩১৪ |
| ১৭ | লালমনিরহাট | ৬৪০০ | ৬৪০০ | ৬.৩৭৪৪০ | ০.০২২৪০ | ০.০১৫২০ | ০.০৩৭৬০ | ৬.৪১২ |
| **মোট** | | **১৫১৯৬০** | **১৫১৯৬০** | **১৫১.৩৫২১৬** | **০.৫৩১৮৬** | **০.৩৭১৯৮** | **০.৯০৩৮৪** | **১৫২.২৫৬** |

০৩। ২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বাগান স্থাপনের লক্ষ্যে বিনামূল্যে সবজি বীজ পুনর্বাসন সহায়তা কর্মসূচির সবজি বীজ সরবরাহের জেলাওয়ারি বিভাজন।

| ক্র: নং | জেলার নাম | মোট উপজেলার সংখ্যা | মোট ইউনিয়নের সংখ্যা | কর্মসূচির আওতায় সবজি বাগান স্থাপনের সংখ্যা | প্যাকেট সংখ্যা | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | টমেটো | বেগুন | লালশাক | পালংশাক | লাউ | |
| ১ | টাঙ্গাইল | ১২ | ১১৫ | ১০৯৬০ | ২১৯২ | ২৭৪০ | ৫৪৮০ | ১০৯৬০ | ১০৯৬০ | **টমেটোঃ** প্রতিটি প্যাকেটের ভিতর ২ গ্রামের ৫টি মিনি প্যাকেট ৫জন কৃষকের জন্য<br>**বেগুনঃ** প্রতিটি প্যাকেটের ভিতর ২.৫ গ্রামের ৪টি মিনি প্যাকেট ৪জন কৃষকের জন্য<br>**লালশাকঃ** প্রতিটি ২০০ গ্রামের প্যাকেট। ১০০ গ্রাম করে ২জন কৃষকের জন্য |
| ২ | কিশোরগঞ্জ | ১৩ | ১০৮ | ১০৮০০ | ২১৬০ | ২৭০০ | ৫৪০০ | ১০৮০০ | ১০৮০০ | |
| ৩ | ময়মনসিংহ | ১৩ | ১৪৫ | ১২০৮০ | ২৪১৬ | ৩০২০ | ৬০৪০ | ১২০৮০ | ১২০৮০ | |
| ৪ | জামালপুর | ৭ | ৬৮ | ৭১৪০ | ১৪২৮ | ১৭৮৫ | ৩৫৭০ | ৭১৪০ | ৭১৪০ | |
| ৫ | শেরপুর | ৫ | ৫২ | ৬৪৬০ | ১২৯২ | ১৬১৫ | ৩২৩০ | ৬৪৬০ | ৬৪৬০ | |
| ৬ | নেত্রকোনা | ১০ | ৮৬ | ৮৬০০ | ১৭২০ | ২১৫০ | ৪৩০০ | ৮৬০০ | ৮৬০০ | |
| ৭ | ব্রাহ্মণবাড়িয়া | ৯ | ১০০ | ১০৫০০ | ২১০০ | ২৬২৫ | ৫২৫০ | ১০৫০০ | ১০৫০০ | |
| ৮ | সিলেট | ১৩ | ১০৫ | ১১৬০০ | ২৩২০ | ২৯০০ | ৫৮০০ | ১১৬০০ | ১১৬০০ | |
| ৯ | মৌলভী বাজার | ৭ | ৬৭ | ৮৭০০ | ১৭৪০ | ২১৭৫ | ৪৩৫০ | ৮৭০০ | ৮৭০০ | |
| ১০ | হবিগঞ্জ | ৯ | ৭৮ | ৮২০০ | ১৬৪০ | ২০৫০ | ৪১০০ | ৮২০০ | ৮২০০ | |
| ১১ | সুনামগঞ্জ | ১১ | ৮৮ | ১০১২০ | ২০২৪ | ২৫৩০ | ৫০৬০ | ১০১২০ | ১০১২০ | |
| ১২ | চাঁপাই নবাবগঞ্জ | ৫ | ৪৯ | ৫৯০০ | ১১৮০ | ১৪৭৫ | ২৯৫০ | ৫৯০০ | ৫৯০০ | |
| ১৩ | বগুড়া | ১২ | ১০৮ | ১০৮০০ | ২১৬০ | ২৭০০ | ৫৪০০ | ১০৮০০ | ১০৮০০ | |
| ১৪ | সিরাজগঞ্জ | ৯ | ৮৩ | ৮৩০০ | ১৬৬০ | ২০৭৫ | ৪১৫০ | ৮৩০০ | ৮৩০০ | |
| ১৫ | গাইবান্ধা | ৭ | ৮১ | ৮১০০ | ১৬২০ | ২০২৫ | ৪০৫০ | ৮১০০ | ৮১০০ | |
| ১৬ | কুড়িগ্রাম | ৭ | ৭৩ | ৭৩০০ | ১৪৬০ | ১৮২৫ | ৩৬৫০ | ৭৩০০ | ৭৩০০ | |
| ১৭ | লালমনিরহাট | ৫ | ৪৫ | ৬৪০০ | ১২৮০ | ১৬০০ | ৩২০০ | ৬৪০০ | ৬৪০০ | |
| মোট | | ১৫৪ | ১৪৫১ | ১৫১৯৬০ | ৩০৩৯২ | ৩৭৯৯০ | ৭৫৯৮০ | ১৫১৯৬০ | ১৫১৯৬০ | |

০৪। ‘২০২২-২৩ অর্থবছরে/২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বাগান স্থাপনের পুনর্বাসন কর্মসূচির বিতরণ পদ্ধতি’ ও ‘কৃষক তথ্য ছক’ সদয় অবগতি ও শর্তাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

০৫। কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী :

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. শীতকালীন বিভিন্ন জাতের সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি অফিসারের মাধ্যমে যথাসম্ভব দ্রুত সবজি চাষে আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে তা সভার মাধ্যমে অনুমোদন, কৃষি পুনর্বাসন কার্যক্রমের (বীজ) উপকরণ বিতরণ প্রভৃতি বরাদ্দকৃত অর্থের মধ্যে ‘২০২২-২৩ অর্থবছরে আগাম শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ সহায়তা পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. বর্ণিত কৃষি পুনর্বাসন কার্যক্রম মন্ত্রণালয় হতে মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **‘কৃষক তথ্য ছক’** পূরণ করে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরপূর্বক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, ডিএই কর্তৃক আবশ্যিকভাবে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

৫. বিতরণ পদ্ধতিতে এ অর্থের মাধ্যমে পারিবারিক পুষ্টি বাগানকে প্রাধান্য দেওয়ার পর অন্য কৃষকদেরকে পুনর্বাসন সহায়তার আওতায় আনা যাবে;

৬. কর্মসূচির সকল উপকরণ ব্লক/ইউনিয়ন পর্যায়ে সম্ভব হলে জনপ্রতিনিধি/গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

চলমান পাতা-৩

৭. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৮. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক সবজি চাষের জন্য জন্য ৫ ধরণের ৫ প্যাকেট সবজি (টমেটো ০২ গ্রাম, বেগুন ২.৫ গ্রাম, লাউ ৩০ গ্রাম, লালশাক ১০০ গ্রাম এবং পালং শাক ১০০ গ্রাম) বীজ সহায়তা পাবেন।

৯. এ কর্মসূচির আওতায় প্যাকেটকৃত সবজি বীজ (টমেটোর ১০ গ্রামের ১টি প্যাকেটের ভিতর ৫টি ছোট প্যাকেট ও বেগুনের ১০ গ্রামের ১টি প্যাকেটের ভিতর ৪টি ছোট প্যাকেটসহ লাউ, পালংশাক ও লালশাকের প্যাকেট) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী সমস্ত বীজ বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। **কোন কারণে বিএডিসি প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে ব্যর্থ হলে তবে আবশ্যিকভাবে বিএডিসি হতে প্রত্যয়ন পত্র গ্রহণ সাপেক্ষে সরকারি বিধি অনুসরণপূর্বক স্থানীয়ভাবে মানসম্মত বীজ সংগ্রহ করতে হবে;**

১০. বিএডিসি হতে সংগৃহীত ১০ গ্রাম টমেটোর বীজ (প্রতিটি প্যাকেটের ভিতর ২গ্রামের ৫টি ছোট প্যাকেট ৫জন কৃষককে), ১০ গ্রাম বেগুনের বীজ (প্রতিটি প্যাকেটের ভিতর ২.৫ গ্রামের ৪টি ছোট প্যাকেট ৪জন কৃষককে), ২০০ গ্রাম লালশাকের বীজ (১০০ গ্রাম করে ২জন কৃষককে) এবং লাউ-এর বীজ ৩০ গ্রাম (এক প্যাকেট ১ জন কৃষককে) ও পালংশাকের বীজ (এক প্যাকেট ১ জন কৃষককে) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিতরণ করতে হবে।

১১. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসন জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। তাছাড়া এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে;

১৫. ২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বীজ ও সার সহায়তা কর্মসূচি প্রদানের নিমিত্ত কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন অর্থছাড়ের সরকারি আদেশে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;

১৬. উপকরণ বিতরণের মাধ্যমে পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের জেলাভিত্তিক (উপজেলাওয়ারী খাতভিত্তিক) বিস্তারিত সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণী প্রেরণে বিলম্ব হলে এ জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট উপপরিচালক কর্তৃক ব্যাখ্যা প্রদানসহ প্রতিবেদন প্রেরণ করবেন; এবং

১৭. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

চলমান পাতা-৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৬৮৬

তারিখ : ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

স্বাঃ

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৬৮৬

তারিখ : ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১৭টি জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১৭টি জেলা)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ১৭ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচাক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/১০/2022

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপকরণ-২ শাখা
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়

**২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে আগাম শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ সহায়তা পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি**

**কর্মসূচির উদ্দেশ্য:**

১. সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের পাশে দাঁড়ানো।
২. বন্যায় ক্ষতিগ্রস্থ এলাকাসমূহের কৃষকদের বন্যার ক্ষতি পুষিয়ে নেওয়া।
৩. পারিবারিক সবজি ও পুষ্টি চাহিদা পূরণে সবজি ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা।
৪. কৃষকগণ পারিবারিক বাগানে উৎপাদিত সবজি ব্যবহারের মাধ্যমে অর্থ সাশ্রয় করে আর্থিকভাবে লাভবান হতে পারবে।
৫. সবজি উৎপাদনের ধারা অব্যাহত রাখা যাবে।

**কর্মসূচির যৌক্তিকতা:**

প্রতি বছরের ন্যায় এবারও দেশের ১৭টি জেলায় বাড়ি ঘর, রাস্তা-ঘাট, ফসলের জমি বন্যার পানিতে নিমজ্জিত হয়েছে। এতে কৃষকের ফসলী জমি বিনষ্ট হওয়ায় কৃষকগণ ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছেন। এই দূর্যোগের সময়ে কৃষকদের পাশে দাঁড়ানো এবং তাদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**প্রত্যাশিত সুফল:**

বসতবাড়িতে শাকসবজি বাগান সৃজনের মাধ্যমে আমাদের পুষ্টির চাহিদার অনেকাংশ মেটানো সম্ভব। পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উচ্চ ফলনশীল শাক-সবজি আবাদে ব্যাপকভাবে সম্পৃক্ত করে উক্ত ফসল সমুহের আবাদ বৃদ্ধির প্রচেষ্টা পাবে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের পারিবারিক স্বচ্ছলতা ও দৈনন্দিন পুষ্টি চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে। এবং বাজারে সবজির প্রাপ্যতা সহজ হবে।

শাক-সবজি জাতীয় ফসল ভিটামিন-খনিজসহ পুষ্টির প্রধান উৎস। দেহে উদ্ভিদজাত প্রয়োজনীয় পুষ্টির যোগান শাক-সবজি জাতীয় ফসল থেকে নিশ্চিত হয়। তাই পুনর্বাসন কর্মসূচিতে শাক-সবজি জাতীয় ফসল অন্তর্ভুক্ত করা হয়েছে। শাক-সবজি জাতীয় ফসল আবাদের মাধ্যমে কৃষকের সবজি চাহিদার পাশাপাশি বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি এবং পারিবারিক পর্যায়ে প্রয়োজনীয় পুষ্টির সরবরাহ হবে ও খাদ্য নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হয়ে ওঠে। ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক মানসিক প্রশান্তির সাথে অন্যান্য পুষ্টি সমৃদ্ধ ফসল চাষাবাদে মনোনিবেশ করতে পারে।

**বাস্তবায়ন পদ্ধতি:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. শীতকালীন বিভিন্ন জাতের সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি অফিসারের মাধ্যমে যথাসম্ভব দ্রুত সবজি চাষে আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে তা সভার মাধ্যমে অনুমোদন, কৃষি পুনর্বাসন কার্যক্রমের (বীজ) উপকরণ বিতরণ প্রভৃতি বরাদ্দকৃত অর্থের মধ্যে '২০২২-২৩ অর্থবছরে আগাম শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ সহায়তা পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. বর্ণিত কৃষি পুনর্বাসন কার্যক্রম মন্ত্রণালয় হতে মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **'কৃষক তথ্য ছক'** পূরণ করে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরপূর্বক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, ডিএই কর্তৃক আবশ্যিকভাবে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

৫. বিতরণ পদ্ধতিতে এ অর্থের মাধ্যমে পারিবারিক পুষ্টি বাগানকে প্রাধান্য দেওয়ার পর অন্য কৃষকদেরকে পুনর্বাসন সহায়তার আওতায় আনা যাবে;

৬. কর্মসূচির সকল উপকরণ ব্লক/ইউনিয়ন পর্যায়ে সম্ভব হলে জনপ্রতিনিধি/গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৭. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৮. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক সবজি চাষের জন্য জন্য ৫ ধরণের ৫ প্যাকেট সবজি (টমেটো ০২ গ্রাম, বেগুন ২.৫ গ্রাম, লাউ ৩০ গ্রাম, লালশাক ১০০ গ্রাম এবং পালং শাক ১০০ গ্রাম) বীজ সহায়তা পাবেন।

৯. এ কর্মসূচির আওতায় প্যাকেটকৃত সবজি বীজ (টমেটোর ১০ গ্রামের ১টি প্যাকেটের ভিতর ৫টি ছোট প্যাকেট ও বেগুনের ১০ গ্রামের ১টি প্যাকেটের ভিতর ৪টি ছোট প্যাকেটসহ লাউ, পালংশাক ও লালশাকের প্যাকেট) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী সমস্ত বীজ বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। **কোন কারণে বিএডিসি প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে ব্যর্থ হলে তবে আবশ্যিকভাবে বিএডিসি হতে প্রত্যয়ন পত্র গ্রহণ সাপেক্ষে সরকারি বিধি অনুসরণপূর্বক স্থানীয়ভাবে মানসম্মত বীজ সংগ্রহ করতে হবে;**

১০. বিএডিসি হতে সংগৃহীত ১০ গ্রাম টমেটোর বীজ (প্রতিটি প্যাকেটের ভিতর ২গ্রামের ৫টি ছোট প্যাকেট ৫জন কৃষককে), ১০ গ্রাম বেগুনের বীজ (প্রতিটি প্যাকেটের ভিতর ২.৫ গ্রামের ৪টি ছোট প্যাকেট ৪জন কৃষককে), ২০০ গ্রাম লালশাকের বীজ (১০০ গ্রাম করে ২জন কৃষককে) এবং লাউ-এর বীজ ৩০ গ্রাম (এক প্যাকেট ১ জন কৃষককে) ও পালংশাকের বীজ (এক প্যাকেট ১ জন কৃষককে) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিতরণ করতে হবে।

১১. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসন জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। তাছাড়া এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে;

১৫. ২০২২-২৩ অর্থবছরে রবি/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বীজ ও সার সহায়তা কর্মসূচি প্রদানের নিমিত্ত কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন অর্থছাড়ের সরকারি আদেশে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;

১৬. উপকরণ বিতরণের মাধ্যমে পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের জেলাভিত্তিক (উপজেলাওয়ারী খাতভিত্তিক) বিস্তারিত সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণী প্রেরণে বিলম্ব হলে এ জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট উপপরিচালক কর্তৃক ব্যাখ্যা প্রদানসহ প্রতিবেদন প্রেরণ করবেন; এবং

১৭. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

২৭/৯/২২

(বলাই কৃষ্ণ হাজরা)
অতিরিক্ত সচিব
সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ

**পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতার নাম | মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | গ্রাম/মহল্লা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

উপসহকারী কৃষি অফিসার এর নাম
ও স্বাক্ষর

উপজেলা কৃষি অফিসার এর নাম
ও স্বাক্ষর